

# এনভয় টেক্সটাইলস লিমিটেড

কর্পোরেট/রেজিস্টার্ড অফিসঃ এনভয় টাওয়ার (৬ষ্ঠ-৯ম তলা)  
১৮/ই, লেক সার্কাস কলাবাগান, পশ্চিম পাছপথ, ঢাকা-১২০৫

## মূল্য সংবেদনশীল তথ্য

সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ২০শে আগস্ট ২০১৪, বুধবার দুপুর ২.৪৫ ঘটিকায় কোম্পানীর কর্পোরেট কার্যালয়ের বোর্ড রুমে অনুষ্ঠিত এনভয় টেক্সটাইলস লিমিটেড এর পরিচালনা পর্ষদের সভায় আনুমানিক ৩০ মিলিয়ন ডলার প্রকল্প ব্যয়ে বার্ষিক ১৭,৫০০ টন উৎপাদন ক্ষমতা সম্পন্ন কোম্পানীর বর্তমান ডেনিম ফেব্রিক্স কারখানার অভ্যন্তরীণ জায়গায় (জামিরদিয়া, ভালুকা, ময়মনসিংহ) সূতা উৎপাদনের জন্য একটি স্পিনিং ইউনিট স্থাপন করার সিদ্ধান্ত চূড়ান্তভাবে গৃহীত হয়। প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যাবলী হলোঃ

- ১। মোট প্রকল্প ব্যয়ের মধ্যে HSBC Bank Ltd. ও BRAC Bank Ltd. এর নিকট হতে স্বল্প সুদে Offshore Financing -এর আওতায় একত্রে ২০ মিলিয়ন ডলারের ঋণ সহায়তার (যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে) সম্মতি/অনুমোদন রয়েছে ও অবশিষ্ট ১০ মিলিয়ন ডলার কোম্পানীর নিজস্ব তহবিল হতে প্রয়োজন অনুযায়ী যোগান দেওয়া হবে।
- ২। প্রকল্পটির উল্লেখযোগ্য মেশিনারীজ ও যন্ত্রাংশ জার্মানী, সুইজারল্যান্ড ও জাপান নির্মিত হবে।
- ৩। প্রকল্পটি আগামী ২০১৬ সালের প্রথম প্রান্তিক নাগাদ বানিজ্যিক উৎপাদনে যাওয়ার পরিকল্পনা রয়েছে।
- ৪। উৎপাদিত সূতার সিংহভাগ নিজস্ব প্রয়োজন মিটাতে ডেনিম ফেব্রিক্সের কাঁচামাল হিসেবে ব্যবহৃত হবে; প্রকল্পটি বাস্তবায়িত হলে সম্ভাব্য বার্ষিক ৫০ মিলিয়ন ডলার টার্নওভারের মাধ্যমে আনুমানিক অতিরিক্ত ৪০-৪৫ কোটি টাকা মুনাফা অর্জন করা সম্ভব হবে বলে আশা করা যায়।

বুধবার, ২০শে আগস্ট ২০১৪  
ঢাকা

স্বাঃ-  
এম সাইফুল ইসলাম চৌধুরী এসিএস  
কোম্পানী সচিব